



সামরিক উত্তেজনার মধ্যে যুক্তরাষ্ট্রের প্রস্তাব বিবেচনায় ইরান



সংগৃহীত ছবি

যুদ্ধ পরিস্থিতি নিরসনে যুক্তরাষ্ট্রের দেওয়া সাম্প্রতিক প্রস্তাব গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করছে ইরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই জানিয়েছেন, তেহরান এখনো প্রস্তাবটি খতিয়ে দেখছে এবং এ বিষয়ে নিজেদের অবস্থান নির্ধারণে আলোচনা চলছে।

গুরুবার (৮ মে) ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম তাসনিম নিউজ এ তথ্য প্রকাশ করে।

বাঘাই বলেন, প্রস্তাবটির বিভিন্ন দিক সতর্কতার সঙ্গে মূল্যায়ন করা হচ্ছে। সবদিক বিবেচনা করে উপযুক্ত সময়েই চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে।

এদিকে, সম্প্রতি মার্কিন বাহিনীর সঙ্গে সংঘর্ষের ঘটনাকে কেন্দ্র করে ওয়াশিংটনের কঠোর সমালোচনা করেছে তেহরান। ইসমাইল বাঘাই অভিযোগ করেন, যুক্তরাষ্ট্র যুদ্ধবিরতি চুক্তি ও আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে। তার ভাষ্য, এই হামলা শুধু উসকানিমূলক নয়, আন্তর্জাতিক আইন ব্যবস্থারও স্পষ্ট অবমাননা।

তিনি আরও বলেন, ইরানের সশস্ত্র বাহিনী পরিস্থিতির ওপর কড়া নজর রাখছে এবং যেকোনো আগ্রাসনের জবাব দিতে সম্পূর্ণ প্রস্তুত রয়েছে।

বিশ্লেষকদের মতে, ইরানের এই কড়া অবস্থান মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনাকে আরও বাড়িয়ে তুলতে পারে।

সূত্র: আল জাজিরা